ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩১১
আমবাসা, ১২ আগস্ট, ২০২৫

**ধলাই জেলায় ৭৯তম স্বাধীনতা দিবস**
**উপলক্ষ্যে ১০দিনব্যাপী কর্মসূচি রূপায়িত হচ্ছে**

আগামী ১৫ আগষ্ট ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে কুলাই উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে ৭৯তম স্বাধীনতা দিবসের জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মৎস্য, তফশিলিজাতি কল্যাণ ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস আনুষ্ঠানিকভাবে সকাল ৯টা ১০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন এবং কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করবেন। এই উপলক্ষ্যে জেলা প্রশাসনের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বর্ণময় দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে এবং কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনকারী বিভিন্ন দপ্তরের কর্মচারি ও আধিকারিকদের শংসাপত্র প্রদান করা হবে।

উল্লেখ্য স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে ১০ দিনব্যাপী কর্মসূচি পালনের অঙ্গ হিসেবে গত ৫ আগষ্ট থেকে আগামী ১৫ আগষ্ট পর্যন্ত বিভিন্ন কর্মসূচি রূপায়িত হচ্ছে। এর মধ্যে ৫ আগষ্ট আমবাসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে সুস্থ শিশু প্রদর্শনী ও প্রতিযোগিতা, জেলাশিক্ষা কার্যালয়ের উদ্যোগে প্রবন্ধ প্রতিযোগিতা, অঙ্কন প্রতিযোগিতা, ক্ষুদ্র তথ্যচিত্র নির্মাণ প্রতিযোগিতা (বিষয়: ভারতের স্বাধীনতা স্মৃতিসৌধের দিকে হেঁটে যাওয়া), ৬ আগস্ট অনুষ্ঠিত হয়েছে বিশেষ সাফাই অভিযান কর্মসূচি এবং সরকারি দপ্তরগুলিতে আলোকসজ্জা, ৯ই আগষ্ট, ১১আগষ্ট, ১৩ আগষ্ট ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের উদ্যোগে ব্যাডমিন্টন প্রতিযোগীতা, ১৪ আগষ্ট সকাল ৬টায় কুলাই উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ থেকে আমবাসা টাউনহল পর্যন্ত পুরুষ ও মহিলাদের ক্রসকান্ট্রি দৌড় প্রতিযোগীতা হবে এবং সকাল ১১টায় পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ ভবনে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হবে।

এছাড়াও ১৫ আগষ্ট ভোরে প্রভাতফেরী, আনুষ্ঠানিকভাবে সরকারি-আধা সরকারি কার্যালয়ে পতাকা উত্তোলন, সকাল ১১টা ৩০ মিনিটে কুলাইয়ে অবস্থিত ধলাই জেলা হাসপাতাল, আমবাসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বাজার কমিটির উদ্যোগে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। আমবাসা টাউন হলে সান্ধ্যয় আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

******